



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

www.bb.org.bd

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ

০৯ শ্রাবণ ১৪৩১

ডিএফআইএম সার্কুলার লেটার নং-২৪

তারিখ: _____

২৪ জুলাই ২০২৪

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল ফাইন্যান্স কোম্পানি।

প্রিয় মহোদয়,

খণ্ডের কিস্তি এবং বিভিন্ন সংগ্রহী ক্ষিমের অর্থ পরিশোধ প্রসঙ্গে

দেশের সাম্প্রতিক পরিস্থিতিতে অনেক খণ্ডহীতা তাদের বকেয়া অর্থ নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধ/সমন্বয় করতে সক্ষম হননি। এছাড়াও, অনেক আমানতকারী তাদের বিভিন্ন সংগ্রহী ক্ষিমের অর্থ নির্ধারিত সময়ে জমা প্রদান করতে পারেননি।

২। বর্ণিত প্রেক্ষাপটে, ১৮ জুলাই ২০২৪ হতে ২৫ জুলাই ২০২৪ তারিখ পর্যন্ত পরিশোধযোগ্য খণ্ডের বকেয়া অর্থ পরিশোধ এবং বিভিন্ন সংগ্রহী ক্ষিমের কিস্তি গ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণীয় হবে:

(ক) খণ্ডের বকেয়া অর্থ আগামী ৩১ জুলাই ২০২৪ তারিখের মধ্যে পরিশোধ করা হলে এরপ বকেয়া অর্থের উপর কোনো প্রকার সুদ/মুনাফা এবং দন্ত সুদ/অতিরিক্ত সুদ/অতিরিক্ত মুনাফা/বিলম্ব ফি/জরিমানা (যে নামেই অভিহিত করা হোক না কেন) আরোপ/আদায় করা যাবে না।

(খ) বিভিন্ন সংগ্রহী ক্ষিমের কিস্তি গ্রাহক কর্তৃক ৩১ জুলাই ২০২৪ তারিখের মধ্যে পরিশোধ করা হলে এর উপর কোনো ধরনের বিলম্ব ফি বা জরিমানা আরোপ/আদায় করা যাবে না। এছাড়া, উল্লিখিত সময়ে কোনো সংগ্রহী ক্ষিমের কিস্তি পরিশোধে গ্রাহকের অসমর্থতার কারণে তা বন্ধ/বাতিল করা যাবে না এবং পূর্বোষিত হারের তুলনায় কম সুদ/মুনাফা প্রদান করা যাবে না।

(গ) ইতোমধ্যে বর্ণিত খণ্ডের উপর সুদ/মুনাফা ও দন্ত সুদ/বিলম্ব ফি এবং বিভিন্ন সংগ্রহী ক্ষিমের উপর কোনো প্রকারের বিলম্ব ফি/জরিমানা আরোপ/আদায় করা হয়ে থাকলে তা ফেরত প্রদান/সমন্বয় করতে হবে।

৩। ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ এর ৪১(২)(ঘ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বাস,

(মোঃ আসাদুজ্জামান খান)

পরিচালক (ডিএফআইএম)

ফোনঃ ৯৫৩০১৭৮।